

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.srdl.gov.bd](http://www.srdl.gov.bd)

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০১.১৮.০১৯.২০-৮৪৭

তারিখঃ ০২ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ  
১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ


**বিষয়: শেখ রাসেল স্কুল অব ফিউচার পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) প্রকল্পের আওতায় সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৯০০১টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। পরবর্তীতে সারাদেশের প্রতিটি সংসদীয় আসনে ০১টি করে মোট ৩০০টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে। প্রতিটি শেখ রাসেল স্কুল অব ফিউচারে ০৬টি ডিজিটাল স্মার্ট বোর্ড, ০৫টি ডিজিটাল হাজিরা মেশিন, ০১টি ওয়াইফাই রাউটার, ০৪টি ডেস্কটপ কম্পিউটার, প্রয়োজনীয় সংখ্যক ডিজিটাল আইডি কার্ড, ৩২টি মডিউল সমৃদ্ধ স্কুল অব ফিউচার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার সরবরাহ করা হয়েছে। তবে কোন কোন প্রতিষ্ঠানে কিছু সামগ্রী যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে না এবং কিছু সামগ্রী অচল/ব্যবহার অনুপযোগী হয়েছে মর্মে জানা গেছে। তাই স্কুল অব ফিউচারের বর্ণিত সামগ্রীর বর্তমান অবস্থা, যথাযথ ভাবে ব্যবহার হচ্ছে কিনা জানা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, শেখ রাসেল স্কুল অব ফিউচার সরেজমিনে পরিদর্শন করে সামগ্রীসমূহ বর্তমানে কি অবস্থায় আছে, সম্পূর্ণ সচল/ব্যবহার উপযোগী আছে কিনা, সচল হলে ব্যবহার করা হচ্ছে কিনা, অচল/ব্যবহার অনুপযোগী কিনা, অচল হলে কি ধরনের সমস্যা, কতদিন যাবৎ সমস্যা, মেরামতের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা ইত্যাদি বিস্তারিত তথ্যসহ প্রতিবেদন নির্ধারিত ছকে পূরণ করে ৩(তিন) কর্মদিবসের মধ্যে গুগোল লিংকে (<https://forms.gle/FwRiLnrKVX9LmhzP9>) প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ

১। পরিদর্শন ছক.....পাতা।



(এস, এ, এম, সফিকুল্লাহ)  
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

- ০১। প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।  
০২। সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।  
০৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক (সকল)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৫। সহকারী প্রোগ্রামার (সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
- ৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠান।
- ৭। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।